ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

**স-৫৩৪**
আগরতলা,১৪ মে,২০২৬

**বিশেষ নিবিড় পুনর্বিবেচনা – তৃতীয় পর্যায়ের এসআইআর ১৬টি**

**রাজ্য এবং ৩টি কেন্দ্রশাসিত অঞ্চলে ধাপে ধাপে পরিচালিত হবে**

ভারতের নির্বাচন কমিশন সংযুক্তি-I অনুযায়ী ১৬টি রাজ্য এবং ৩টি কেন্দ্রশাসিত অঞ্চলে বিশেষ নিবিড় পুনর্বিবেচনা (এস.আই.আর.) পরিচালনার নির্দেশ দিয়েছে।

চলমান জনশুমারির বাড়ি তালিকা কার্যক্রমের সঙ্গে মিল রেখে সাধারণ মাঠ পর্যায়ের ব্যবস্থাপনাকে বিবেচনায় নিয়ে SIR Phase-III-এর সময়সূচি নির্ধারণ করা হয়েছে।

এর ফলে, তৃতীয় পর্যায়ে নির্বাচনী তালিকার SIR সমগ্র দেশজুড়ে পরিচালিত হবে, শুধুমাত্র হিমাচল প্রদেশ, জম্মু ও কাশ্মীর এবং লাদাখ ব্যতীত। এই তিনটি রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলে জনগণনার দ্বিতীয় পর্যায় সম্পন্ন হওয়া এবং উচ্চ পার্বত্য ও তুষারাবৃত এলাকার আবহাওয়া বিবেচনা করে পরবর্তীতে SIR-এর সময়সূচি ঘোষণা করা হবে।

SIR-এর তৃতীয় পর্যায়ে ৩.৯৪ লক্ষেরও বেশি বুথ লেভেল অফিসার (বি.এল.ও.) বাড়ি বাড়ি গিয়ে ৩৬.৭৩ কোটি ভোটারের তথ্য সংগ্রহ করবেন। এই কাজে রাজনৈতিক দলগুলির নিযুক্ত ৩.৪২ লক্ষ বুথ লেভেল এজেন্ট (বি.এল.এ.) তাঁদের সহায়তা করবেন।

এসআইআর  একটি অংশগ্রহণমূলক প্রক্রিয়া, যেখানে ভোটার, রাজনৈতিক দল এবং নির্বাচন আধিকারিকসহ সকল অংশীদারের অংশগ্রহণ রয়েছে। নির্বাচন কমিশন সমস্ত রাজনৈতিক দলকে প্রতিটি ভোটকেন্দ্রের জন্য বি.এল.এ. নিয়োগ করার অনুরোধ জানাচ্ছে, যাতে পূর্ণ স্বচ্ছতা ও রাজনৈতিক দলগুলির সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করে এস.আই.আর. পরিচালনা করা যায়।

এস.আই.আর.-এর প্রথম দুই পর্যায়ে ১৩টি রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলে, যেখানে সংশ্লিষ্ট রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলে SIR আদেশ জারির তারিখ অনুযায়ী প্রায় ৫৯ কোটি ভোটার অন্তর্ভুক্ত ছিলেন, সেখানে ৬.৩ লক্ষেরও বেশি BLO এবং রাজনৈতিক দলগুলির নিযুক্ত ৯.২ লক্ষ BLA এসআইআর  প্রক্রিয়ার বিভিন্ন ধাপে অংশগ্রহণ করেছেন।

সংযুক্তি-I

| রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল | SIR-এর যোগ্যতার তারিখ | প্রস্তুতি, প্রশিক্ষণ ও মুদ্রণ | BLO-দের বাড়ি বাড়ি পরিদর্শন | ভোটকেন্দ্রের পুনর্বিন্যাস | খসড়া ভোটার তালিকা প্রকাশ | দাবি ও আপত্তি দাখিলের সময়কাল | দাবি ও আপত্তি নিষ্পত্তির সময়কাল | চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১.ওডিশা<br>২মিজোরাম<br>৩.সিকিম<br>৪. মণিপুর | ০১.০৭.২০২৬ | ২০.০৫.২০২৬ – ২৯.০৫.২০২৬ | ৩০.০৫.২০২৬ – ২৮.০৬.২০২৬ | ২৮.০৬.২০২৬-এর মধ্যে | ০৫.০৭.২০২৬ | ০৫.০৭.২০২৬ – ০৪.০৮.২০২৬ | ০৫.০৭.২০২৬ – ০২.০৯.২০২৬ | ০৬.০৯.২০২৬ |
| ৫. দাদরা ও নগর হাভেলি এবং দমন ও দিউ | ০১.০৭.২০২৬ | ২৫.০৫.২০২৬ – ০৩.০৬.২০২৬ | ০৪.০৬.২০২৬ – ০৩.০৭.২০২৬ | ০৩.০৭.২০২৬-এর মধ্যে | ১০.০৭.২০২৬ | ১০.০৭.২০২৬ – ০৯.০৮.২০২৬ | ১০.০৭.২০২৬ – ০৭.০৯.২০২৬ | ১১.০৯.২০২৬ |
| ৬. উত্তরাখণ্ড | ০১.০৭.২০২৬ | ২৯.০৫.২০২৬ – ০৭.০৬.২০২৬ | ০৮.০৬.২০২৬ – ০৭.০৭.২০২৬ | ০৭.০৭.২০২৬-এর মধ্যে | ১৪.০৭.২০২৬ | ১৪.০৭.২০২৬ – ১৩.০৮.২০২৬ | ১০.০৭.২০২৬ – ১১.০৯.২০২৬ | ১৫.০৯.২০২৬ |
| ৭. অন্ধ্রপ্রদেশ<br>৮. অরুণাচল প্রদেশ<br>৯.হরিয়ানা<br>১০.চণ্ডীগড় | ০১.০৭.২০২৬ | ০৫.০৬.২০২৬ – ১৪.০৬.২০২৬ | ১৫.০৬.২০২৬ – ১৪.০৭.২০২৬ | ১৪.০৭.২০২৬-এর মধ্যে | ২১.০৭.২০২৬ | ২১.০৭.২০২৬ – ২০.০৮.২০২৬ | ২১.০৭.২০২৬ – ১৮.০৯.২০২৬ | ২২.০৯.২০২৬ |
| ১১. তেলেঙ্গানা<br>১২.পাঞ্জাব | ০১.১০.২০২৬ | ১৫.০৬.২০২৬ – ২৪.০৬.২০২৬ | ২৫.০৬.২০২৬ – ২৪.০৭.২০২৬ | ২৪.০৭.২০২৬-এর মধ্যে | ৩১.০৭.২০২৬ | ৩১.০৭.২০২৬ – ৩০.০৮.২০২৬ | ৩১.০৭.২০২৬ – ২৮.০৯.২০২৬ | ০১.১০.২০২৬ |
| ১৩. কর্ণাটক<br>১৪. মেঘালয়<br>১৫. মহারাষ্ট্র<br>১৬. ঝাড়খণ্ড<br>১৭. দিল্লি | ০১.১০.২০২৬ | ২০.০৬.২০২৬ – ২৯.০৬.২০২৬ | ৩০.০৬.২০২৬ – ২৯.০৭.২০২৬ | ২৯.০৭.২০২৬-এর মধ্যে | ০৫.০৮.২০২৬ | ০৫.০৮.২০২৬ – ০৪.০৯.২০২৬ | ০৫.০৮.২০২৬ – ০৩.১০.২০২৬ | ০৭.১০.২০২৬ |
| ১৮. নাগাল্যান্ড | ০১.১০.২০২৬ | ০৫.০৮.২০২৬ – ১৪.০৮.২০২৬ | ১৬.০৮.২০২৬ – ১৪.০৯.২০২৬ | ১৪.০৯.২০২৬-এর মধ্যে | ২০.০৯.২০২৬ | ২০.০৯.২০২৬ – ২০.১০.২০২৬ | ২০.০৯.২০২৬ – ১৮.১১.২০২৬ | ২২.১১.২০২৬ |
| ১৯. ত্রিপুরা | ০১.১০.২০২৬ | ০৫.০৯.২০২৬ – ১৪.০৯.২০২৬ | ১৫.০৯.২০২৬ – ১৪.১০.২০২৬ | ১৪.১০.২০২৬-এর মধ্যে | ২১.১০.২০২৬ | ২১.১০.২০২৬ – ২০.১১.২০২৬ | ২১.১০.২০২৬ – ১৯.১২.২০২৬ | ২৩.১২.২০২৬ |

সংযুক্তি-II

| রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল | BLO সংখ্যা | BLA সংখ্যা | ভোটার সংখ্যা (১২.০৫.২০২৬ অনুযায়ী) |
|---|---|---|---|
| অন্ধ্রপ্রদেশ | ৪৬,৩৯৭ | ৬৮,৮৬৮ | ৪,১৬,১৬,০৬১ |
| অরুণাচল প্রদেশ | ২,২৮৮ | ৩,১৩১ | ৮,৮৭,৬০৭ |
| চণ্ডীগড় | ৬১৪ | ১,১৪৩ | ৫,১৮,৬৬৩ |
| দাদরা ও নগর হাভেলি এবং দমন ও দিউ | ৪৮৮ | ৪৬৬ | ৪,২৭,৮৪৯ |
| হরিয়ানা | ২০,৬২৯ | ১২,৯১৭ | ২,০৬,৬৩,১৫৫ |
| ঝাড়খণ্ড | ২৯,৫৭১ | ২১,৬৪৪ | ২,৬৪,৮৯,৭৭৭ |
| কর্ণাটক | ৫৯,০৫০ | ২৫,২৮৪ | ৫,৫৫,৭৪,০৬৪ |
| মহারাষ্ট্র | ৯৭,৯২৪ | ৯৬,৯৪৯ | ৯,৮৬,৬৪,৪১৩ |
| মণিপুর | ২,৯৯৬ | ৫,০০৩ | ২০,৯১,৯৯৯ |
| মেঘালয় | ৩,৫৫১ | ০ | ২৩,৪৩,২৫২ |
| মিজোরাম | ১,৩৫৩ | ৩,৪৩০ | ৮,৭৫,০০৪ |
| নাগাল্যান্ড | ২,৪৩২ | ২,৬২৩ | ১৩,৫৬,৮৫৮ |
| দিল্লির NCT | ১৩,০২৬ | ২৮,৮৮১ | ১,৪৮,২৩,২৩৪ |
| ওডিশা | ৩৮,১২৩ | ৮,৩৯১ | ৩,৩৪,৩৩,৬৫৯ |
| পাঞ্জাব | ২৪,৪৫৩ | ৮,৫৪৭ | ২,১৪,৫৬,২৯৭ |
| সিকিম | ৫৭২ | ৬৮১ | ৪,৭১,০৯৪ |
| ত্রিপুরা | ৩,৩৫৬ | ৬,৭৫৭ | ২৮,৯৭,৬৭৪ |
| তেলেঙ্গানা | ৩৫,৯৮৫ | ২৫,৮৮৬ | ৩,৩৯,২০,৭০৫ |
| উত্তরাখণ্ড | ১১,৭৩৩ | ২১,৮০৮ | ৭৯,৭৬,৪৬৬ |
| মোট | ৩,৯৪,৫৪১ | ৩,৪২,৪০৯ | ৩৬,৭৩,৮৭,৮৩১ |

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****